



**ইউনেস্কোর সিআর
 কমিটির চেয়ারম্যান
 কামাল চৌধুরী**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কামাল আবদুল নাসের চৌধুরী ইউনেস্কোর নির্বাহী বোর্ডের কনভেনশন অ্যান্ড রিকমেন্ডেশন্স (সিআর) কমিটির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্যারিসে ইউনেস্কোর নির্বাহী বোর্ডের ১৯৯তম সভায় সর্বসম্মতিক্রমে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের রাষ্ট্রগুলোর পক্ষ থেকে কামাল চৌধুরীকে এ কমিটির চেয়ারম্যান করা হয়েছে। তিনি ২০১৩-১৭ মেয়াদের জন্য ইউনেস্কো নির্বাহী বোর্ডে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছেন। ২০১৩-১৫ মেয়াদে তিনি এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে ইউনেস্কো নির্বাহী বোর্ডের ভাইস-চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। সংবাদ বিজ্ঞপ্তি।